বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল
রাহাত টাওয়ার (৫ম তলা), ১৪ লিংক রোড
পশ্চিম বাংলামোটর, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন ঃ +৮৮-০২-৪১০৬১৩১৯, ৪১০৬১৩২০
ফ্যাক্স ঃ +৮৮০-২-৯৬৭৬৬০০

PHARMACY COUNCIL OF BANGLADESH
Rahat Tower (4th Floor), 14 Link Road
West Banglamotor, Dhaka-1000, Bangladesh.
Tel : +88-02-41061319, 41061320, Fax : +880-2-9676600
E-Mail : info@pcb.gov.bd, Web : www.pcb.gov.bd

স্মারক নং: পিসিবি/২০২৬-০২৩৩

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

## ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানদের কর্মক্ষেত্র পরিদর্শন নীতিমালা, ২০২৬

১। শিরোনাম ও প্রবর্তন:

(১) এই নীতিমালা 'ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানদের কর্মক্ষেত্র পরিদর্শন নীতিমালা, ২০২৬' নামে অভিহিত হইবে।

(২) সার্বজনীন স্বাস্থ্য সুরক্ষা অর্জনের লক্ষ্যে ঔষধের যৌক্তিক ও নিরাপদ ব্যবহার নিশ্চিতকরণ, অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ তৎসহ ফার্মেসি অধ্যাদেশ, ১৯৭৬ এর মূল ভিত্তি হিসেবে ইহার উদ্দেশ্য, অন্তর্নিহিত নীতি, নৈতিকতা এবং 'ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানদের পেশাগত দায়িত্ব যথাযথভাবে প্রতিপালনে তাঁহাদের কর্মক্ষেত্র পরিদর্শন।

(৩) ঔষধ ও কসমেটিকস্ আইন, ২০২৩ এ উল্লেখিত 'ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানদের কর্মক্ষেত্র প্রযোজ্য হইবে।

২। সংজ্ঞা:

এই নীতিমালায়, প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে

(১) "কাউন্সিল" অর্থ বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল;

(২) "ফার্মাসিস্ট" অর্থ বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের রেজিস্টারে 'এ' ক্যাটাগরিতে নিবন্ধিত ফার্মাসিস্ট;

(৩) "ডিপ্লোমা ফার্মাসিস্ট" অর্থ বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের রেজিস্টারে 'বি' ক্যাটাগরিতে নিবন্ধিত ডিপ্লোমা ফার্মাসিস্ট;

(৪) "ফার্মেসি টেকনিশিয়ান" অর্থ বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের রেজিস্টারে 'সি' ক্যাটাগরিতে নিবন্ধিত ফার্মেসি টেকনিশিয়ান;

(৫) "পরিদর্শন" অর্থ এই নীতিমালার অধীনে পরিচালিত নিয়মিত বা বিশেষ তদারকি কার্যক্রম;

(৬) "কর্মক্ষেত্র" অর্থ ঔষধ ও কসমেটিকস্ আইন, ২০২৩ এ উল্লেখিত 'ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানদের কর্মক্ষেত্র এবং

(৭) "পরিদর্শক" অর্থ অনুচ্ছেদ (৪) অনুযায়ী নির্ধারিত;

(৮) "ঔষধ" অর্থ

(ক) মানুষ অথবা প্রাণিদেহের অভ্যন্তরে বা বাহিরে ব্যবহার করিবার জন্য ভ্যাকসিন ও বায়োলজিক্যাল ঔষধসহ সকল প্রকারের ঔষধ এবং মানুষ অথবা প্রাণিদেহের চিকিৎসা ও রোগ প্রশমন, নিরাময় বা প্রতিরোধের জন্য ব্যবহার্য সকল প্রকারের উপাদান;

(খ) মেডিক্যাল ডিভাইস;

(গ) খাদ্য ব্যতীত মানবদেহের অঙ্গসংস্থান বা শারীরিক কার্য পরিবর্তন করিতে পারে এইরূপ কোনো উপাদান এবং মানুষ বা প্রাণিদেহে রোগ সৃষ্টি করিতে পারে এইরূপ পরজীবী বা কীট (vermine or insects) ধ্বংসের জন্য ব্যবহার্য কোনো উপাদান;

(ঘ) ব্রিটিশ ফার্মাকোপিয়া (BP), ইউনাইটেড স্টেটস ফার্মাকোপিয়া (USP), ইউনাইটেড স্টেটস ন্যাশনাল ফরমুলারি, ইউরোপিয়ান ফার্মাকোপিয়া অথবা আন্তর্জাতিক ফার্মাকোপিয়া এর যে কোনো সংস্করণে মনোগ্রাফ হিসাবে উল্লিখিত যে কোনো উপাদান;

(ঙ) ইউনানী, আয়ুর্বেদিক, হারবাল এবং হোমিওপ্যাথিক ও বায়োকেমিক পদ্ধতি অনুসারে ব্যবহৃত বা ব্যবহারের জন্য প্রস্তুতকৃত যে কোনো উপাদান;

(চ) "ডায়েটারি সাপ্লিমেন্ট, হারবাল সাপ্লিমেন্ট, নিউট্রিশনাল সাপ্লিমেন্ট, মেডিকেল নিউট্রিশন বা থেরাপিউটিক নিউট্রিশন বা খাদ্য পথ্য বা সম্পূরক পথ্য; এবং

(ছ) সরকার কর্তৃক সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, ঔষধ হিসাবে ঘোষিত যে কোনো বস্তু বা উপাদান;

ব্যাখ্যা।-

(অ) "ডায়েটারি সাপ্লিমেন্ট", "হারবাল সাপ্লিমেন্ট", "নিউট্রিশনাল সাপ্লিমেন্ট" "মেডিকেল নিউট্রিশন", "থেরাপিউটিক নিউট্রিশন", "খাদ্য পথ্য" বা "সম্পূরক পথ্য" অর্থ ভিটামিনস, মিনারেলস, এমাইনোএসিডস, টোবাকো ব্যতীত হার্বস এন্ড বোটানিক্যাল এক্সট্র্যাক্ট, প্রিবায়োটিক, প্রোবায়োটিক, সিমবায়োটিক, ফার্মাবায়োটিক বা এনজাইমস এর একক বা সম্মিলিত উপাদানে প্রস্তুতকৃত দ্রব্য, যাহা ফার্মাসিউটিক্যালস্ ডোজেস ফর্মে পরিবেশিত এবং যাহা মানুষ বা প্রাণির রোগ প্রতিরোধ, নিরাময়, শরীর গঠন বা কার্যক্রমে ভূমিকা রাখে; এবং

(আ) "বায়োলজিক্যাল ঔষধ" অর্থ এইরূপ কোনো ঔষধ, যাহাতে এমন কোনো সক্রিয় উপাদান রহিয়াছে যাহা কোনো বায়োলজিক্যাল লিভিং সিস্টেম হইতে উৎপন্ন বা নির্যাস (Extract) করা হইয়াছে এবং যাহার জন্য ফিজিকোকেমিক্যাল পরীক্ষাসহ বায়োলজিক্যাল পরীক্ষার প্রয়োজন।

**৩। পরিদর্শনের উদ্দেশ্য:**

পরিদর্শনের উদ্দেশ্য হইবে

(১) নিবন্ধিত 'ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানদের উপস্থিতি ও বৈধতা যাচাইকরণ;

(২) পেশাগত দায়িত্ব ও নৈতিক আচরণ মূল্যায়ন;

(৩) ঔষধ সংরক্ষণ, বিতরণ ও ব্যবহারে মানদণ্ড অনুসরণ যাচাইকরণ;

(৪) রোগীর নিরাপত্তা ও জনস্বাস্থ্যের ঝুঁকি নিরূপণ;

(৫) আইন, বিধি ও কাউন্সিলের নির্দেশনা প্রতিপালন নিশ্চিতকরণ এবং

(৬) উত্তম বিতরণ অনুশীলন (Good Dispensing Practice) নিশ্চিতকরণ।

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল
রাহাত টাওয়ার (৫ম তলা), ১৪ লিংক রোড
পশ্চিম বাংলামোটর, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন ঃ +৮৮-০২-৪১০৬১৩১৯, ৪১০৬১৩২০
ফ্যাক্স ঃ +৮৮০-২-৯৬৭৬৬০০

PHARMACY COUNCIL OF BANGLADESH
Rahat Tower (4th Floor), 14 Link Road
West Banglamotor, Dhaka-1000, Bangladesh.
Tel : +88-02-41061319, 41061320, Fax : +880-2-9676600
E-Mail : info@pcb.gov.bd, Web : www.pcb.gov.bd

৪। পরিদর্শক:

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের ৯ম গ্রেড ও তদূর্ধ্ব পর্যায়ের 'এ' ক্যাটাগরির রেজিস্ট্রেশনধারী কর্মকর্তা (ফার্মাসিস্ট) পরিদর্শক হিসেবে দায়িত্ব পালন করিবেন।

৫। পরিদর্শকের ক্ষমতা ও কার্যাবলী:

(১) ফার্মেসির ক্ষেত্রে:

(ক) সাধারণ তথ্যাবলি যাচাই (General Documentation)

পরিদর্শকগণ কর্মক্ষেত্রে প্রবেশের পর প্রথমেই নিম্নোক্ত নথিপত্রগুলো পরীক্ষা করিবেন:

(অ) রেজিস্ট্রেশন সনদ: কাউন্সিল কর্তৃক প্রদত্ত ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানদের রেজিস্ট্রেশন সনদ (Registration Certificate) এবং

(আ) নিযুক্তি পত্র: সংশ্লিষ্ট ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়াদের নিয়োগ পত্র।

(খ) ফার্মাসিস্টের উপস্থিতি ও ভূমিকা (Pharmacist's Presence and Role)

(অ) সশরীরে উপস্থিতি: কর্মক্ষেত্রে নিবন্ধিত ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানদের উপস্থিতি;

(আ) পরিচয়পত্র: ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানদের জন্য নির্ধারিত অ্যাপ্রন এবং আইডি কার্ড পরিধান;

(ই) পরামর্শ প্রদান: ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ান রোগী/গ্রাহককে ওষুধ বিষয়ক কাউন্সিলিং, ঔষধ সেবনবিধি, পার্শ্বপ্রতিক্রিয়া, সংরক্ষণসহ পেশাগত অন্যান্য দায়িত্ব পালন এবং

(ঈ) কোড অব ইথিক্স: কাউন্সিল কর্তৃক প্রণীত কোড অব ইথিক্স বাস্তবায়ন।

(গ) তথ্য সংরক্ষণ (Data Management)

(অ) রেজিস্টার: তথ্য (রোগীর নাম, চিকিৎসকের নাম, ঔষধের নাম ও মাত্রা) ডিজিটাল বা ম্যানুয়াল রেজিস্টারে সংরক্ষণ;

(আ) ঔষধের লেবেলিং: বিক্রিত ঔষধ প্যাকেটে সেবনবিধি সংক্রান্ত স্পষ্ট নির্দেশিকা পরীক্ষণ করা এবং

(ই) অ্যান্টিবায়োটিক ও নারকোটিক নিয়ন্ত্রণ: উচ্চ মাত্রার বা সংবেদনশীল ঔষধের ক্ষেত্রে প্রেসক্রিপশন ব্যতীত কঠোরভাবে যাচাইকরণ।

(ঘ) অবকাঠামো ও পরিবেশ (Storage & Infrastructure)

(অ) তাপমাত্রা নিয়ন্ত্রণ: ফার্মেসি গ্রেড রেফ্রিজারেটর এবং কক্ষের তাপমাত্রা (Room Temperature) সঠিকভাবে বজায় রাখা এবং নিয়মিত 'টেম্পারেচার লগ' পর্যবেক্ষণ;

(আ) পরিচ্ছন্নতা: কর্মক্ষেত্রে অভ্যন্তরীণ পরিবেশ এবং ওষুধ রাখার তাকগুলোর পরিষ্কার-পরিচ্ছন্নতা যাচাইকরণ এবং

(ই) মেয়াদোত্তীর্ণ ঔষধ: মেয়াদোত্তীর্ণ ঔষধ আলাদা বক্সে (Quarantine Area) রাখা।

(২) ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে:

(ক) ফার্মাসিস্টের তত্ত্বাবধানে ঔষধ উৎপাদন প্রক্রিয়ার তদারকি;

(খ) GMP (Good Manufacturing Practice) নীতিমালা অনুসরণ এবং

(গ) ফার্মাসিস্টদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান ও রেকর্ড সংরক্ষণ।

(৩) হাসপাতাল ফার্মেসির ক্ষেত্রে:

(ক) ফার্মাসিউটিক্যাল কেয়ার ও পেশেন্ট কাউন্সেলিং সেবা প্রদান;

(খ) ঔষধের মজুদ ব্যবস্থাপনা এবং স্টেরিলাইজেশন প্রক্রিয়া পর্যবেক্ষণ এবং

(গ) হাই-অ্যালার্ট ও লাইফ সেভিং ঔষধ ব্যবস্থাপনায় ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানদের ভূমিকা।

## ৬. নৈতিকতা ও আচরণবিধি (Code of Ethics)

পরিদর্শনকালে পরিদর্শকগণ যাচাই করিবেন যে,

(১) ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানদের কাউন্সিলের নির্ধারিত 'আচরণবিধি' অনুসরণ এবং

(২) রোগীর গোপনীয়তা রক্ষা এবং কোনো অনৈতিক প্রলোভনের ঊর্ধ্বে থাকিয়া সেবা প্রদান।

ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানদের উল্লেখযোগ্য কোড অব ইথিক্স নিম্নরূপ:

(১) ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানদের এরূপ কর্মপরিবেশ নিশ্চিত করিতে হইবে যেন সেবাগ্রহীতা এবং কর্মরত ব্যক্তিদের নিরাপত্তা বজায় থাকিবে;

(২) ঔষধ বিতরণে ভুল হওয়ার সম্ভাবনা রোধ করিবার পদ্ধতি অনুসরণ করিবেন;

(৩) ঔষধের মান বা নিরাপত্তা নিয়ে সন্দেহ থাকিলে ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ান ক্রয়, বিক্রয় বা সরবরাহ করিবেন না;

(৪) যেইখানে ঔষধ তৈরি, সংরক্ষণ বা বিক্রয় করা হইবে, সেই স্থানগুলি অবশ্যই পরিষ্কার-পরিচ্ছন্ন ও পরিপাটি রাখিতে হইবে এবং সেখানে পশুপাখি বা পোকামাকড় যেন প্রবেশ করিতে না পারে সেইদিকে লক্ষ্য রাখিতে হইবে;

(৫) কোনো ঔষধের কার্যকারিতা সম্পর্কে ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানের মনে যদি সন্দেহ থাকে, তবে তিনি ক্রেতার কাছে তাহা কার্যকর বলিয়া প্রচার করিবেন না;

(৬) প্রেসক্রিপশনে বর্ণিত কোনো নির্দিষ্ট ব্র্যান্ডের ঔষধের পরিবর্তে অন্য কোনো ঔষধ ডিসপেন্স করা যাইবে না, তবে জরুরি চিকিৎসা প্রয়োজন এমন ব্যক্তিকে সাহায্য করিবার জন্য ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ান সাধ্যমতো চেষ্টা করিবেন;

(৭) প্রেসক্রিপশনে চিকিৎসক প্রদত্ত নির্দেশ থেকে বিচ্যুত হওয়া যাইবে না, যদি না রোগীর জীবন রক্ষার জন্য একান্ত প্রয়োজন হয়;

(৮) যেইসকল ঔষধের অপব্যবহার হওয়ার সম্ভাবনা থাকে, সেইগুলি বিক্রির ক্ষেত্রে অতিরিক্ত নিয়ন্ত্রণ আরোপ করিতে হইবে;

(৯) ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানকে তাঁর পেশার সম্মান ও মর্যাদা সমুন্নত রাখিতে হইবে এবং এমন কোনো কার্য সম্পাদন করা যাইবে না, যাহা পেশার সুনাম নষ্ট করিবে;

(১০) প্রতারণা করিবার উদ্দেশ্যে নিজের নাম বা ডিগ্রি ব্যবহার করা যাইবে না। ঔষধ প্রচার বা প্রসারে নিজের নাম, ছবি বা ঠিকানা ব্যবহার করা এবং অনুমতি প্রদান করা যাইবে না;

(১১) রোগী এবং তাহাদের পরিবারের তথ্যের গোপনীয়তা রক্ষা করিতে হইবে। রোগীর স্বার্থে প্রয়োজন না হইলে, রোগী বা তার অভিভাবকের অনুমতি ছাড়া কোনো তথ্য অন্য কাউকে প্রদান করা যাইবে না;

(১২) পেশাগত দক্ষতা বজায় রাখার নিমিত্ত ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানদের ঔষধ বিজ্ঞানের প্রতিনিয়ত পরিবর্তন ও উন্নতির সামঞ্জস্য রেখে নিজেকে প্রশিক্ষিত ও সচেতন রাখিতে হইবে;

(১৩) ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ান এমন কোনো শর্তে কাজ করিবেন না যাহা তাঁহার পেশাগত স্বাধীনতাকে বাধাগ্রস্ত করিবে এবং

(১৪) ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ান সর্বদা তাহাদের সহকর্মী এবং অন্যান্য স্বাস্থ্যসেবা পেশাজীবীদের (চিকিৎসক, নার্স ইত্যাদি) সহযোগিতা করিবেন যাহাতে রোগী এবং সাধারণ মানুষ উপকৃত হইতে পারে।

৭। পরিদর্শন:

(১) পরিদর্শকবৃন্দ ফার্মেসি/ঔষধের দোকান, ঔষধ উৎপাদনকারী ও বিতরণকারী প্রতিষ্ঠান, ঔষধের সংরক্ষণাগার, হাসপাতাল ফার্মেসি ইত্যাদিতে কর্মরত বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল কর্তৃক নিবন্ধিত ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানদের পেশাগত দায়িত্ব যথাযথভাবে পালন নিশ্চিতকরণে উল্লিখিত প্রতিষ্ঠানসমূহ সরেজমিনে পরিদর্শন করিতে পারিবে।

(২) পরিদর্শকবৃন্দ ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানদের কর্মক্ষেত্র পরিদর্শনের পর পরিদর্শন প্রতিবেদন বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের আইন ও নীতিমালা কমিটির বিবেচনার জন্য দাখিল করিবেন।

(৩) পরিদর্শন প্রতিবেদনের আলোকে আইন ও নীতিমালা কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত সচিব, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং ঔষধ প্রশাসন অধিদপ্তরে প্রেরণ করিবেন।

(৪) পরিদর্শনের সময় অত্র এলাকার স্থানীয় প্রশাসন পরিদর্শকবৃন্দকে সকল ধরনের সহযোগিতা প্রদান করিবেন।

৮। শাস্তিমূলক ব্যবস্থা:

অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ তৎসহ ফার্মেসি অধ্যাদেশ, ১৯৭৬ এর ২৭ ও ৩০ ধারা মোতাবেক কাউন্সিল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

৯। পরিদর্শকদের জন্য বিশেষ নির্দেশনা:

(১) পরিদর্শন অবশ্যই স্বচ্ছ এবং নিরপেক্ষ হইতে হইবে;

(২) পরিদর্শকদের অবশ্যই আইডি কার্ড পরিধান করিতে হইবে;

(৩) পরিদর্শন শেষে একটি চেকলিস্টে ফার্মাসিস্ট/ডিপ্লোমা ফার্মাসিস্ট/ফার্মেসি টেকনিশিয়ান এবং পরিদর্শক উভয় পক্ষেরই স্বাক্ষর থাকিতে হইবে এবং

(৪) ডিজিটাল অ্যাপের মাধ্যমে তাৎক্ষণিক রিপোর্ট সার্ভারে সংরক্ষণ করিতে হইবে।

১০। বিবিধ

(১) এই নীতিমালার ব্যাখ্যা বা প্রয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কাউন্সিলের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে এবং

(২) প্রয়োজনবোধে কাউন্সিল এই নীতিমালা সংশোধন বা পরিমার্জন করিতে পারিবে।

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল
রাহাত টাওয়ার (৫ম তলা), ১৪ লিংক রোড
পশ্চিম বাংলামোটর, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন ঃ +৮৮-০২-৪১০৬১৩১৯, ৪১০৬১৩২০
ফ্যাক্স ঃ +৮৮০-২-৯৬৭৬৬০০

PHARMACY COUNCIL OF BANGLADESH
Rahat Tower (4th Floor), 14 Link Road
West Banglamotor, Dhaka-1000, Bangladesh.
Tel : +88-02-41061319, 41061320, Fax : +880-2-9676600
E-Mail : info@pcb.gov.bd, Web : www.pcb.gov.bd

# ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানদের কর্মক্ষেত্র পরিদর্শন চেকলিস্ট

পরিদর্শনের ধরন: সাধারণ/ বিশেষ/জরুরি/ ফলো-আপ

তারিখ: ........................ সময়: ........................

## ১. সাধারণ তথ্য (General Information)

প্রতিষ্ঠানের নাম: ........................................................................................................

ঠিকানা: ....................................................................................................................

উপস্থিত ফার্মাসিস্ট/ ডিপ্লোমা ফার্মাসিস্ট/ ফার্মেসি টেকনিশিয়ানের নাম: ........................................

PCB রেজিস্ট্রেশন নং: .................... ড্রাগ লাইসেন্স নম্বর (DGDA): ....................................

কর্মরত পদের নাম: ........................................... উক্ত পদে যোগদানের তারিখ: ....................

## ২. পেশাদারিত্ব ও আইনি বাধ্যবাধকতা (Professionalism & Compliance)

| ক্রম | বিষয় | সন্তোষজনক (হ্যাঁ/না) | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | নিবন্ধিত ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ান সশরীরে উপস্থিত আছে কি? | | |
| ২ | ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানদের রেজিস্ট্রেশন সনদ (Registration Certificate) দৃশ্যমান স্থানে প্রদর্শিত আছে কি? | | |
| ৩ | ফার্মেসি চালু অবস্থায় সার্বক্ষনিক ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ান থাকে কি? | | |
| ৪ | ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ান নির্দিষ্ট ইউনিফর্ম বা অ্যাপ্রন পরিহিত আছে কি? | | |
| ৫ | ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানদের রেজিস্ট্রেশন হালনাগাদ (Updated) আছে কি? | | |
| ৬ | ড্রাগ লাইসেন্স হালনাগাদ (Updated) আছে কি? | | |

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল
রাহাত টাওয়ার (৫ম তলা), ১৪ লিংক রোড
পশ্চিম বাংলামোটর, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন ঃ +৮৮-০২-৪১০৬১৩১৯, ৪১০৬১৩২০
ফ্যাক্স ঃ +৮৮০-২-৯৬৭৬৬০০

PHARMACY COUNCIL OF BANGLADESH
Rahat Tower (4th Floor), 14 Link Road
West Banglamotor, Dhaka-1000, Bangladesh.
Tel : +88-02-41061319, 41061320, Fax : +880-2-9676600
E-Mail : info@pcb.gov.bd, Web : www.pcb.gov.bd

৩. ফার্মেসি/আউটলেট ব্যবস্থাপনা (Retail/Hospital Pharmacy)

| ক্রম | বিষয় | সন্তোষজনক (হ্যাঁ/না) | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | নথিপত্র, রেকর্ড ও প্রেসক্রিপশন রেজিস্টার হালনাগাদ আছে কি? | | |
| ২ | প্রেসক্রিপশন ছাড়া কি অ্যান্টিবায়োটিক বা সিডিউল ওষুধ দেওয়া হচ্ছে কি? | | |
| ৩ | রোগীদের জন্য কাউন্সিলিং কর্ণার আছে কি? | | |
| ৪ | ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ান রোগীকে সঠিকভাবে কাউন্সিলিং করছে কি? | | |
| ৫ | ঔষধ প্রদানের সময় রোগীকে সঠিক সেবনবিধি (Dispensing Advice) বুঝিয়ে দেওয়া হচ্ছে কি? | | |
| ৬ | ফার্মাসিস্টদের পেশাগত কোড অব ইথিক্স কপি সংরক্ষিত আছে কি? | | |
| ৭ | মেয়াদোত্তীর্ণ ঔষধ আলাদাভাবে চিহ্নিত ও সংরক্ষিত আছে কি? | | |
| ৮ | ঔষধের দোকান ও স্টোর ধুলাবালি মুক্ত ও পরিষ্কার আছে কি? | | |
| ৯ | রেফ্রিজারেটর তাপমাত্রা সঠিক (২-৮ ডিগ্রি সে.) আছে কি? (তাপমাত্রা লগ বুক যাচাই) | | |
| ১০ | ফার্মেসিতে তাপমাত্রা ও বাতাসের আদ্রতা নিয়মিত রেকর্ড রাখা হয় কি? (তাপমাত্রার লগবুক যাচাই) | | |
| ১১ | মেয়াদোত্তীর্ণ ঔষধ আলাদাভাবে চিহ্নিত ও সংরক্ষিত আছে কি? | | |
| ১২ | উচ্চ ঝুঁকিপূর্ণ (High-alert) ঔষধগুলো আলাদাভাবে রাখা হয়েছে কি? | | |
| ১৩ | ডিসপেনসিং এরিয়া পর্যাপ্ত আলো-বাতাস সমৃদ্ধ আছে কি? | | |
| ১৪ | OTC ঔষধসমূহের তালিকা আছে কি? | | |
| ১৫ | ADR (ঔষধের পার্শ্ব প্রতিক্রিয়া) নিয়মিতভাবে রিপোর্ট করা হয় কি? | | |
| ১৬ | নারকোটিক্স ড্রাগ্সসমূহ ফার্মাসিস্ট/ডিপ্লোমা ফার্মাসিস্ট/ফার্মেসি টেকনিশিয়ানদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে এবং স্বতন্ত্র স্থানে সংরক্ষিত রয়েছে কি? | | |
| ১৭ | Look-alike sound-alike (LASA) ঔষধ আলাদাভাবে চিহ্নিত ও সংরক্ষিত আছে কি? | | |
| ১৮ | ০৬ (ছয়) মাসের পুরাতন পেসক্রিপশনে নারকোটিক্স ঔষধসমূহ ডিসপেন্স করা হয় কি? | | |

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল
রাহাত টাওয়ার (৫ম তলা), ১৪ লিংক রোড
পশ্চিম বাংলামোটর, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন ঃ +৮৮-০২-৪১০৬১৩১৯, ৪১০৬১৩২০
ফ্যাক্স ঃ +৮৮০-২-৯৬৭৬৬০০

PHARMACY COUNCIL OF BANGLADESH
Rahat Tower (4th Floor), 14 Link Road
West Banglamotor, Dhaka-1000, Bangladesh.
Tel : +88-02-41061319, 41061320, Fax : +880-2-9676600
E-Mail : info@pcb.gov.bd, Web : www.pcb.gov.bd

৪. ওষুধ উৎপাদনকারী প্রতিষ্ঠানে কর্মরত ফার্মাসিস্টদের কর্মক্ষেত্র পরিদর্শন:

| ক্রম | বিষয় | সন্তোষজনক (হ্যাঁ/না) | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | উৎপাদন (Production) ও কিউসি (QC) বিভাগে কর্মরত ফার্মাসিস্টদের রেজিস্ট্রেশন সনদ আছে কি? | | |
| ২ | কর্মরত ফার্মাসিস্টদের রেজিস্ট্রেশন সনদ হালনাগাদ আছে কি? | | |
| ৩ | ফার্মাসিস্টরা নিয়মিত 'Batch Manufacturing Record (BMR)' যাচাই ও স্বাক্ষর করছে কি? | | |
| ৪ | কারখানায় কর্মরত ফার্মাসিস্টদের জন্য নিয়মিত ইন-হাউস ট্রেনিংয়ের ব্যবস্থা আছে কি? | | |
| ৫ | কাঁচামাল এবং উৎপাদিত ঔষধ মান নিশ্চিতকরণে ফার্মাসিস্টের সক্রিয় ভূমিকা আছে কি? | | |
| ৬ | Quality Management System (QMS) উন্নয়নে ফার্মাসিস্টদের ভূমিকা রয়েছে কি? | | |
| ৭ | বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) গাইডলাইন অনুযায়ী ঔষধের বিরূপ প্রতিক্রিয়ার (ADR) প্রতিবেদনসমূহ মনিটরিং করা হয় কি? | | |
| ৮ | বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) গাইডলাইন অনুযায়ী ঔষধের বিরূপ প্রতিক্রিয়ার (ADR) তথ্য সংগ্রহ করে সে মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হয় কি? | | |
| ৯ | ঔষধ প্রশাসন অধিদপ্তর (DGDA) এর গাইডলাইন অনুযায়ী বাজারজাতকরণ পরবর্তী নজরদারি যথাযথভাবে অনুশীলন করা হয় কি? | | |

৫. নৈতিকতা ও সেবার মান (**Ethics & Quality of Service**)

| ক্রম | বিষয় | সন্তোষজনক (হ্যাঁ/না) | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | রোগীদের/সেবা গ্রহীতাদের সাথে পেশাদার ও সহমর্মিতামূলক আচরণ করা হচ্ছে কি? | | |
| ২ | ঔষধ যৌক্তিক ব্যবহার (Rational Use of Drugs) নিশ্চিত করার প্রচেষ্টা আছে কি? | | |
| ৩ | নকল বা ভেজাল ওষুধ শনাক্তকরণে ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ান সতর্ক আছে কি? | | |

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল
রাহাত টাওয়ার (৫ম তলা), ১৪ লিংক রোড
পশ্চিম বাংলামোটর, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন ঃ +৮৮-০২-৪১০৬১৩১৯, ৪১০৬১৩২০
ফ্যাক্স ঃ +৮৮০-২-৯৬৭৬৬০০

PHARMACY COUNCIL OF BANGLADESH
Rahat Tower (4th Floor), 14 Link Road
West Banglamotor, Dhaka-1000, Bangladesh.
Tel : +88-02-41061319, 41061320, Fax : +880-2-9676600
E-Mail : info@pcb.gov.bd, Web : www.pcb.gov.bd

পরিদর্শকগণের নাম ও স্বাক্ষর:

১.

২.

৩.

৪.

৫.

ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানগণের নাম ও স্বাক্ষর:

১.

২.

৩.

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৬.০২.২৬

(মুহাম্মদ মাহবুবুল হক)
সচিব
বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল

২৬/০২/২৬

(মোঃ সাইদুর রহমান)
সভাপতি
বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল
ও
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়